বাংলাদেশ চা বোর্ড

প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম

স্মারক নং-২৬.০৯.০০০০.১০১.১১.০১২.১৯-৬৪৪

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪২৬ব.
২৩ মে ২০১৯খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়ের গত ০৩ সেপ্টেম্বর ২০১৮খ্রিঃ তারিখের ২৬.০০.০০০০.০৯০.১১.০৪১.১১(অংশ-১)-৩০২ নং ও গত ২২ জানুয়ারি ২০১৯খ্রিঃ তারিখের ২৬.০০.০০০০.০৯০.১১.০৪১.১১(অংশ-১)-২৪ নং এবং ২২ মে ২০১৯খ্রিঃ তারিখের ২৬.০০.০০০০.০৯০.১১.০৪১.১১(অংশ-১)-১৮৮ নং ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ চা বোর্ড ও বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই) এবং প্রকল্প উন্নয়ন ইউনিট (পিডিইউ) এর নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য যোগ্য এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রঃ নং	পদের নাম, কর্মস্থল ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	নিয়োগের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা
০১	হিসাবরক্ষণ কর্মকর্তা পিডিইউ, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার বেতন স্কেলঃ ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেডঃ ০৯)	০১ (এক)টি	বাণিজ্যে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। সম্মান এবং স্নাতকোত্তর ডিগ্রি উভয় ক্ষেত্রে কমপক্ষে ২য় শ্রেণির ডিগ্রি থাকতে হবে। কোন সরকারি বা বাণিজ্যিক নিরীক্ষা অফিসে হিসাবরক্ষক হিসেবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০২	মিড ওয়াইফ বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেডঃ ১৬)	০১ (এক)টি	সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ধাত্রীবিদ্যায় সার্টিফিকেটধারী হতে হবে।
০৩	মালী বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- (গ্রেডঃ ২০)	০১ (এক)টি	৮ম শ্রেণি পাস হতে হবে। কোন সরকারি অফিস অথবা প্রতিষ্ঠিত বাণিজ্যিক প্রতিষ্ঠানের অধীনে বাগান পরিচর্যার কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০৪	নিরাপত্তা প্রহরী বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম বেতন স্কেলঃ ৮,২৫০-২০,০১০/-)গ্রেডঃ ২০)	০১ (এক)টি	৮ম শ্রেণি পাস ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

শর্তাবলীঃ

০১। চাকরির আবেদন ফরম বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইটঃ www.teaboard.gov.bd-এ পাওয়া যাবে। প্রার্থীদের চাকরির নির্ধারিত আবেদন ফরমে নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনের সাথে সংযুক্ত কোন কিছুই ফেরতযোগ্য নয়।

০২। চাকরির আবেদন ফরমের সাথে অবশ্যই ক) চাকরি প্রার্থীর সদ্য তোলা ৪ (চার) কপি ৫×৫ সে. মি. সাইজের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে); এবং খ) সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে ০১ নং ক্রমিকের পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ০২-০৪ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংক শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

০৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ সংক্রান্ত সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৪। ০১ নং ক্রমিকের পদে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন এবং ০২-০৪ নং ক্রমিকের পদের জন্য ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, শরিয়তপুর, জামালপুর, নেত্রকোনা, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, রংপুর, পাবনা, সিরাজগঞ্জ, খুলনা, যশোর, মাগুরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০৫। প্রার্থীদের বয়স ১৬ জুন ২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৬। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল কাগজপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এর কপি, প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট এর কপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র এর কপি ও সকল সনদপত্র ও কাগজপত্রের কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে।

০৭। বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।

০৮। মুক্তিযোদ্ধা কোটা দাবীর ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রসংখ্যা ০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬, তারিখ ৭-১১-২০১০ মোতাবেক প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

০৯। চাকরির আবেদন সচিব, বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক, নাসিরাবাদ, চট্টগ্রাম-৪২১০, এই ঠিকানায় আগামী ১৬ জুন ২০১৯খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১০। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই তাদের আবেদন পৌঁছাতে হবে। কোন অগ্রিম কপি গৃহীত হবে না।

১১। প্রার্থী যে পদের জন্য আবেদন করবেন সে পদের নাম খামের উপরে লিখতে হবে।

১২। এই বিজ্ঞপ্তি প্রকাশের কারণে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নয়। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১৫। আবেদনকারীর নাম ও আবেদনপত্রে উল্লিখিত বর্তমান ঠিকানা লিপিবদ্ধ করে ১০/- টাকার ডাকটিকেট সম্বলিত ১০"× ৪.৫" মাপের একটি ফেরত খাম আবেদনের সঙ্গে প্রেরণ করতে হবে।

১৬। যে কোন প্রকারের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

চেয়ারম্যান
বাংলাদেশ চা বোর্ড
এর পক্ষে সচিব

জিডি-৯৮৯